বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

# পবিস নির্দেশিকা ১০০-৭৬

## সার্ভিস ড্রপের আওতায় অনলাইনে বিদ্যুৎ সংযোগ পদ্ধতি

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
পবিস নির্দেশিকা ১০০-৭৬

অনুমোদনের তারিখঃ ১৯/০২/২০২০
হালকরণের তারিখঃ -

বিষয়ঃ পল্লী বিদ্যুৎ অনলাইন সংযোগ পদ্ধতি।

**১॥ উদ্দেশ্যঃ**

পল্লী বিদ্যুৎ সমিতি থেকে সংযোগ প্রত্যাশী গ্রাহকগণকে অনলাইনের মাধ্যমে সহজে এবং দ্রুততম সময়ে সংযোগ প্রদান করা।

**২॥ সাধারণঃ**

সাধারণভাবে সংযোগ প্রত্যাশী একজন গ্রাহক বিদ্যুৎ সংযোগ গ্রহণের জন্য আবেদন করলে সনাতন পদ্ধতিতে আবেদন পত্রটির অনেকগুলো ধাপ অনুসরণ করাসহ গ্রাহককে ন্যুনতম তিন (৩) বার বিদ্যুৎ অফিসে আসতে হয় এবং বিদ্যুৎ অফিস কর্তৃক চার (৪) বার গ্রাহক প্রান্তে যেতে হয়। এর ফলে সনাতন পদ্ধতিতে বিদ্যুৎ সংযোগ প্রক্রিয়া অনেক বেশি সময় সাপেক্ষ এবং অসচ্ছ, যা মানসম্মত বিদ্যুৎ বিতরণের অন্তরায়। পক্ষান্তরে অনলাইন সংযোগ পদ্ধতির ক্ষেত্রে আবেদন প্রক্রিয়ার উল্লেখযোগ্য সংখ্যক ধাপ হ্রাস করাসহ গ্রাহককে একবারও অফিসে আসতে হয় না এবং অফিস কর্তৃক গ্রাহক প্রান্তে শুধুমাত্র মিটার স্থাপনের জন্য এক (১) বার যেতে হয়। এ পদ্ধতিতে অনলাইন/এসএমএস এর মাধ্যমে গ্রাহক তার আবেদনের সর্বশেষ অবস্থা জানতে পারেন। ফলে সনাতন পদ্ধতি অপেক্ষা সংযোগ প্রত্যাশি একজন গ্রাহক তুলনামূলকভাবে অনেক কম সময়ে, সচ্ছ পদ্ধতিতে এবং সাশ্রয়ী ব্যয়ে হয়রানিমুক্ত বিদ্যুৎ সংযোগ গ্রহণ করতে পারবেন, যার প্রোসেস ম্যাপ নিম্নে উল্লেখ করা হল:

| বাংলাদেশ পল্লীবিদ্যুতায়ন বোর্ড | | | | |
|---|---|---|---|---|
| পবিস নির্দেশিকা ১০০-৭৬ঃ সার্ভিস ড্রপের আওতায় অনলাইনে বিদ্যুৎ সংযোগ পদ্ধতি | | | | |
| উৎপত্তির তারিখ | হালনাগাদকারী | অনুমোদনকারী | পৃষ্ঠাসংখ্যা | সংশোধনসংখ্যা |
| ১৯/০২/২০২০ | বাপবিবো | বাপবিবো বোর্ড | পৃষ্ঠা ১ /৫ | - |
| সংশোধনের তারিখঃ - | | | | |

(Md. Mozibur Rahman)
Consultant TAPP BREB

(Md. Duhidul Islam)
Consultant TAPP BREB

(Md. Mozammel Huq)
Consultant, TAPP BREB

(Md. Abdul Khaleque)
Consultant TAPP. BREB


৬২১ তম বোর্ড সভায় অনুমোদিত সিদ্ধান্ত নং ১৭৭০০

(Md. Ahsanul Haque)
Consultant,TAPP, BREB

Debasish Chakrabortty)
PD.TAPP. BREB.

(Kamrul Ahsan Mollik)
Asst. Secy. (Board), BREB.

# প্রসেস ম্যাপ




৩। পলিসিঃ

পল্লী বিদ্যুৎ অনলাইন সংযোগ পদ্ধতির বিভিন্ন ধাপ এবং প্রক্রিয়া নিম্নরূপভাবে অনুসরণ করতে হবেঃ

(ক) অনলাইন সংযোগ পদ্ধতিতে সংযোগ পাওয়ার জন্য অনুসরণীয় প্রধান শর্তাবলী-

(১) সার্ভিস ড্রপের দুরত্ব (সংযোগ স্থল হতে সার্ভিস পোলের আনুভূমিক দুরত্ব) অবশ্যই সংস্থা কর্তৃক নির্ধারিত সীমার মধ্যে হতে হবে (বর্তমানে সার্ভিস ড্রপের নির্ধারিত সর্বোচ্চ দুরত্ব ১৩০ ফুট);

(২) যে বিতরণ ট্রান্সফরমারের আওতায় আবেদনকারীকে সংযোগ প্রদান করা হবে তার আওতাধীন যে কোন একজন গ্রাহকের হিসাব নম্বর ও বই নম্বর (কোন কারণে আবেদনকারী কর্তৃক হিসাব নম্বর ও বই নম্বর



(Md. Mozibur Rahman)
Consultant, TAPP, BREB

(Md. Duhidul Islam)
Consultant, TAPP, BREB

(Md. Mozammel Huq)
Consultant, TAPP, BREB

(Md. Abdul Khaleque)
Consultant, TAPP, BREB

৮২১ তম বোর্ড সভায় অনুমোদিত সিদ্ধান্ত নং ১৭৭০০

(Md. Ahsanul Haque)
Consultant, TAPP, BREB

(Debasish Chakraborty)
PD, TAPP, BREB

(Kamrul Ahsan Mollik)
Asst. Secy. (Board), BREB.

সংগ্রহ করা সম্ভব না হলে বিকল্প হিসেবে মিটার নম্বর বা ট্রান্সফরমারের পোল নম্বর ব্যবহার করা যেতে পারে) আবেদনপত্রে উল্লেখ করতে হবে। এজন্য পবিস বিতরণ ব্যবস্থায় স্থাপিত সাবস্টেশন, ট্রান্সফরমার এবং

ট্রান্সফরমারভিত্তিক গ্রাহকদের তালিকাসহ সংশ্লিষ্ট সকল তথ্য অবশ্যই টিএমএলএম (ট্রান্সফরমার মনিটরিং এবং লোড ম্যানেজমেন্ট) সফটওয়্যারে যথাযথভাবে হালনাগাদ রাখতে হবে এবং অনলাইনে তা যাচাই করার সুযোগ থাকতে হবে।

(৩)গ্রাহকদের মাসিক বিদ্যুৎ ব্যবহারের তথ্য (KWH) সঠিকভাবে বিলিং ডাটাবেজে এন্ট্রি নিশ্চিত করতে হবে।

(খ) আবেদনকারী কর্তৃক আবেদনপত্র জমাদান এবং প্রক্রিয়াকরণ পদ্ধতিঃ

(১) সংযোগ প্রত্যাশি গ্রাহকগণ ইন্টারনেটের মাধ্যমে সরাসরি পল্লী বিদ্যুৎ অনলাইন সংযোগ সিস্টেমের জন্য নির্ধারিত ওয়েবসাইট অথবা সংশ্লিষ্ট পল্লী বিদ্যুৎ সমিতি/বাপবিবো ওয়েবসাইট ব্যবহার করে অনলাইনে আবেদন করতে পারবেন। আবেদন পত্রে উল্লিখিত নির্দেশনা মোতাবেক সকল তথাদি যথাযথভাবে পূরণ করতে হবে। আবেদন পত্রের সাথে কর্তৃপক্ষের চাহিদা মোতাবেক প্রয়োজনীয় দলিলাদির স্ক্যানকপি আপলোড করতে হবে। সফলভাবে অনলাইনে আবেদন দাখিল হওয়ার পর সংশ্লিষ্ট গ্রাহক আবেদনের প্রাপ্তি স্বীকারপত্র ডাউনলোড করে সংরক্ষণ করতে পারবেন। অতপর অনলাইনে প্রাপ্ত নির্দেশনা মোতাবেক অনলাইন/মোবাইল ব্যাংকিং/ক্যাশ সেকশন/অন্যান্য মাধ্যমে বিদ্যুৎ সংযোগের জন্য কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত আবেদন ফী পরিশোধ করবেন। উল্লেখ্য যে, আবেদন ফী পরিশোধ না হওয়া পর্যন্ত সংযোগ প্রক্রিয়ার পরবর্তী কার্যক্রম স্থগিত থাকবে।

(২) আবেদন ফী পরিশোধ হওয়ার সাথে সাথে সয়ংক্রিয়ভাবে প্রাথমিক ও কারিগরী সমীক্ষা সম্পন্ন হবে। আবেদনকৃত লোড নিকটবর্তী ট্রান্সফরমারের আওতায় সংযোগ দেওয়ার সুযোগ এবং নিকটবর্তী সার্ভিস পোলের দুরত্ব ১৩০ ফুট বা সংস্থার নির্ধারিত সর্বোচ্চ সীমার মধ্যে থাকা সাপেক্ষে স্বয়ংক্রিয়ভাবে অনলাইন/এসএমএস এর মাধ্যমে আবেদনকারীকে হাউজ ওয়্যারিং রিপোর্ট সাবমিট করার জন্য অনুরোধ



(Md. Mozibur Rahman)
Consultant, TAPP, BREB

(Md. Duhidul Islam)
Consultant, TAPP, BREB

(Md. Mozammel Huq)
Consultant, TAPP, BREB

(Md. Abdul Khaleque)
Consultant, TAPP, BREB

৬২১ তম বোর্ড সভায় অনুমোদিত সিদ্ধান্ত নং ১৭৭০০

(Md. Ahsanul Haque)
Consultant, TAPP, BREB

(Debasish Chakrabortty)
PD, TAPP, BREB

(Kamrul Ahsan Mollik)
Asst. Secy. (Board), BREB

করা হবে। আবেদনকারী হাউজ ওয়্যারিং সম্পন্ন করতঃ অনলাইনে প্রকাশিত তালিকা হতে একজন ফ্রিল্যান্স ওয়্যারিং পরিদর্শকের সহায়তায় হাউজ ওয়্যারিং রির্পোট সাবমিট করবেন। ফ্রিল্যান্স ওয়্যারিং পরিদর্শকগণ বাপবিবো কর্তৃক নির্ধারিত নীতিমালা এবং হাউজ ওয়্যারিং রির্পোট ফরমেট মোতাবেক রির্পোটিং কাজ সম্পন্ন করবেন। ফ্রিল্যান্স ওয়্যারিং পরিদর্শকগণ হাউজ ওয়্যারিং রির্পোটিং কাজে বাপবিবো কর্তৃক নির্ধারিত নীতিমালা ও রির্পোট ফরমেটের কোনরূপ ব্যত্যয় ঘটালে কর্তৃপক্ষ সংশ্লিষ্ট ফ্রিল্যান্স ওয়্যারিং পরিদর্শকগণের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ

করতে পারবে। উল্লেখ্য যে, এতদসংক্রান্ত হাউজ ওয়্যারিং রির্পোট সম্পন্ন করণের জন্য দেশব্যাপি পর্যাপ্ত সংখ্যক ফ্রিল্যান্স ওয়্যারিং পরিদর্শক প্রস্তুত থাকবে। ফ্রিল্যান্স ওয়্যারিং পরিদর্শক বাপবিবো/পবিস এর কোন ধরনের কর্মচারী বলে বিবেচিত হবেন না এবং বাপবিবো/পবিস থেকে কোন প্রকার আর্থিক সুবিধাদি প্রাপ্ত হবেন না/ দাবী করতে পারবেন না। তারা শুধুমাত্র সংশ্লিষ্ট গ্রাহকের নিকট হতে কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত ও অনলাইনে প্রকাশিত হারে সম্মানী/পারিশ্রমিক গ্রহণ করবেন।

(৩) হাউজ ওয়্যারিং রির্পোট সম্পন্ন আবেদনসমুহ স্বয়ংক্রিয়ভাবে অনুমোদন/বাতিলের জন্য যথাযথ কর্তৃপক্ষের ড্যাসবোর্ডে প্রেরিত হবে। অনুমোদনপ্রাপ্ত আবেদনপত্রের বিপরীতে সদস্য ফী এবং (প্রযোজ্য ক্ষেত্রে) জামানতের অর্থ জমাদানের জন্য অনলাইন/ এসএমএস এর মাধ্যমে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হবে। বাতিলকৃত আবেদসমুহের তথ্যাদিও কারণসহ গ্রাহককে অনলাইন/ এসএমএস এর মাধ্যমে অবহিত করা হবে।

(৪) এ পর্যায়ে সংশ্লিষ্ট গ্রাহকগণ নির্দেশনা মোতাবেক অনলাইন/মোবাইল ব্যাংকিং/ক্যাশ সেকশন/অন্যান্য মাধ্যমে বিদ্যুৎ সংযোগের জন্য প্রযোজ্য সদস্য ফী এবং জামানত বাবদ নির্ধারিত অর্থ পরিশোধ করবেন।

| বাংলাদেশ পল্লীবিদ্যুতায়ন বোর্ড | | | | |
|---|---|---|---|---|
| পবিস নির্দেশিকা ১০০-৭৬ঃ সার্ভিস ড্রপের আওতায় অনলাইনে বিদ্যুৎ সংযোগ পদ্ধতি | | | | |
| উৎপত্তির তারিখ | হালনাগাদকারী | অনুমোদনকারী | পৃষ্ঠাসংখ্যা | সংশোধনসংখ্যা |
| ১৯/০২/২০২০ | বাপবিবো | বাপবিবো বোর্ড | পৃষ্ঠা ৪ /৫ | - |
| সংশোধনের তারিখঃ - | | | | |

৬২১ তম বোর্ড সভায় অনুমোদিত সিদ্ধান্ত নং ১৭৭০০

(Md. Mozibur Rahman)
Consultant TAPP BREB

(Md. Duhidul Islam)
Consultant TAPP BREB

(Md. Mozammel Huq)
Consultant, TAPP, BREB

(Md. Abdul Khaleque)
Consultant TAPP BREB

৬২১ তম বোর্ড সভায় অনুমোদিত সিদ্ধান্ত নং ১৭৭

(Md. Ahsanul Haque)
Consultant,TAPP, BREB

(Debasish Chakrabortty)
PD,TAPP, BREB

(Kamrul Ahsan Mollik)
Asst. Secy. (Board), BREB

(৫) পবিসের সংশ্লিষ্ট এজিএম(অর্থ) কর্তৃক সদস্য ফী এবং (প্রযোজ্য ক্ষেত্রে) জামানতের অর্থ পরিশোধিত আবেদনসমুহের যাচাই-বাচাই সম্পন্ন হলে সয়ংক্রিয়ভাবে সিএমও (কনজুমার মিটার অর্ডার) প্রস্তুত হবে। উল্লেখ্য যে, কোন আবেদনের বিপরীতে সয়ংক্রিয়ভাবে সিএমও প্রস্তুতের জন্য অবশ্যই অনলাইন সিস্টেম-এর মিটার ইনভেনটরি/ড্যাশবোর্ডে পর্যাপ্ত সংখ্যক মিটার সংরক্ষিত রাখতে হবে।

(৬) এজিএম (ওএন্ডএম) সংশ্লিষ্ট জুনিয়র ইঞ্জিনিয়ার/ সহকারী জুনিয়র ইঞ্জিনিয়ার (ওএন্ডএম /ইএন্ডসি) কে নির্দিষ্ট সময় বেঁধে দিয়ে গ্রাহক প্রান্তে মিটার সংযোগ স্থাপনের দায়িত্ব প্রদান করবেন।

(৭) জুনিয়র ইঞ্জিনিয়ার/ সহকারী জুনিয়র ইঞ্জিনিয়ার (ওএন্ডএম /ইএন্ডসি) বেঁধে দেয়া নির্দিষ্ট সময়ের মধ্যে গ্রাহক প্রান্তে মিটার সংযোগ সম্পন্নকরণের লক্ষ্যে সংশ্লিষ্ট লাইনম্যানদের মধ্যে দায়িত্ব প্রদান করবেন এবং অনলাইন সিস্টেমে তার স্টাটাস আপডেট দিয়ে নিশ্চিত করবেন। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে গ্রাহক প্রান্তে মিটার স্থাপন সম্ভব না হলে, তার যথাযথ কারণসহ অনলাইন সিস্টেমের স্টাটাস আপডেট দিতে হবে এবং এতদসংশ্লিষ্ট আবেদনের ক্ষেত্রে বর্তমান সিএমওটি বাতিল পূর্বক তদন্ত সাপেক্ষে পূনরায় সিএমও ইস্যু করতে পারবেন।

(৭) লাইনম্যানগণ নির্দিষ্ট সময়সীমার মধ্যে সিএমও প্রিন্ট/সংগ্রহ করে মিটার টেষ্টিং রুম থেকে সিএমও তে উল্লিখিত মিটার গ্রহণ করবেন এবং স্ব-শরীরে গ্রাহক প্রান্তে গমন পূর্বক মিটার সংযোগ সম্পন্ন কবে তা সংশ্লিষ্ট জুনিয়র ইঞ্জিনিয়ার/ সহকারী জুনিয়র ইঞ্জিনিয়ার (ওএন্ডএম /ইএন্ডসি) এর নিকট সিএমও ফেরত প্রদানসহ অনলাইনে রির্পোট করবেন।

(৮) চুড়ান্ত পর্যায়ে এজিএম(অর্থ) কর্তৃক অথবা স্বয়ংক্রিয়ভাবে গ্রাহক প্রান্তে মিটার সংযোগকৃত আবেদনসমুহের বই নম্বর ও হিসাব নম্বর প্রদান পূর্বক বিলিং কার্যক্রম শুরু করার নিমিত্ত সংশ্লিষ্ট/ কেন্দ্রীয় বিলিং সার্ভারে প্রয়োজনীয় ডাটা পুশ/ডাম্পিং করা হবে, যা গ্রাহককে অনলাইন/এসএমএস এর মাধ্যমে অবহিত করা হবে।

| বাংলাদেশ পল্লীবিদ্যুতায়ন বোর্ড | | | | |
|---|---|---|---|---|
| পবিস নির্দেশিকা ১০০-৭৬ঃ সার্ভিস ড্রপের আওতায় অনলাইনে বিদ্যুৎ সংযোগ পদ্ধতি | | | | |
| উৎপত্তির তারিখ | হালনাগাদকারী | অনুমোদনকারী | পৃষ্ঠাসংখ্যা | সংশোধনসংখ্যা |
| ১৯/০২/২০২০ | বাপবিবো | বাপবিবো বোর্ড | পৃষ্ঠা ৫ /৫ | - |
| সংশোধনের তারিখঃ - | | | | |

(Md. Mozibur Rahman)
Consultant TAPP BREB

(Md. Duhidul Islam)
Consultant TAPP BREB

(Md. Mozammel Huq)
Consultant, TAPP BREB

(Md. Abdul Khaleque)
Consultant,TAPP, BREB

(Md. Ahsanul Haque)
Consultant,TAPP, BREB

(Debasish Chakraborty)
PD,TAPP, BREB

৬২১ তম বোর্ড সভায় অনুমোদিত সিদ্ধান্ত নং ১৭৭০০

(Kamrul Ahsan Mollik)
Asst. Secy. (Board), BREB